

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫০৪]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (১ হ্রান্টি)

পরিচ্ছেদঃ ২৫: গ্রহণকালীন সময়ে ইস্তিগফারের নির্দেশ

باب الأَمْرِ بِالإِسْتِغْفَارِ فِي الْكُسُوفِ

আরবী

أَخْبَرَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَسْرُوقِيُّ، عَنْ أَبِي أُسَامَةَ، عَنْ بُرَيْد، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى، قال: خَسَفَتِ الشَّمْسُ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَزِعًا يَخْشَى أَنْ تَكُونَ السَّاعَةُ، فَقَامَ حَتَّى أَتَى الْمَسْجِدَ، فَقَامَ يُصلِّي بِأَطْوَلِ قِيَامٍ وَرُكُوعٍ وَسُجُودٍ مَا تَكُونَ السَّاعَةُ، فَقَامَ حَتَّى أَتَى الْمَسْجِدَ، فَقَامَ يُصلِّي بِأَطْوَلِ قِيَامٍ وَرُكُوعٍ وَسُجُودٍ مَا رَأَيْتُهُ يَفْعَلُهُ فِي صَلَاتِهِ قَطُّ، ثُمَّ قَالَ: إِنَّ هَذِهِ الْآيَاتِ الَّتِي يُرْسِلُ اللَّهُ لَا تَكُونُ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّ اللَّهَ يُرْسِلُهَا يُحَوِّفُ بِهَا عِبَادَهُ، فَإِذَا رَأَيْتُمْ مِنْهَا شَيْئًا فَافْزَعُوا إِلَى ذِكْرِهِ وَدُعَائِهِ وَاسْتِغْفَارِهِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الكسوف ۱۳ (۱۰۵۹)، صحيح مسلم/الكسوف ۵ (۹۱۲)، (تحفة الأشراف: ۹۰۳۵) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1504 _ صحيح

বাংলা

১৫০৩. মূসা ইবনু 'আবদুর রহমান আল মাসরাকী (রহ.) আবূ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার সূর্য গ্রহণ লাগল। তখন নবী (সা.) ভীতসন্তুম্ভ হয়ে দাঁড়িয়ে গেলেন এ ভয়ে যে, কি জানি কিয়ামত অনুষ্ঠিত হয়ে যায়। তিনি দাঁড়ালেন এবং মসজিদে এসে গেলেন। তারপর তিনি দাঁড়িয়ে সালাত আদায় করতে লাগলেন অতি লম্বা কিয়াম, রুকু এবং সাজদাসহ। আমি তাকে কোন সালাতে কখনো অনুরূপ করতে দেখিনি। এরপর তিনি বললেন, এ সমস্ত নিদর্শন যা আল্লাহ পাঠিয়ে থাকেন তা কারো জন্ম-মৃত্যুর কারণে নয়, বরং আল্লাহ তা'আলা তা পাঠান, তাঁর বান্দাদের ভয় দেখানোর জন্যে। সুতরাং তোমরা যখন তার কিছু দেখবে তখন দ্রুত যিকর, দু'আ এবং ইস্তিগফারে রত হবে।



English

The command to supplicated during an eclipse

It was narrated that Abu Musa said: There was an eclipse of the sun, and the Messenger of Allah (ﷺ) got up in a rush, fearing that it might be the Hour. He went to the masjid, where he stood and prayed, standing, bowing and prostrating for the longest time that I ever saw him do in prayer. Then he said: 'These signs that Allah (SWT) sends do not occur for the death or birth of anyone, but Allah (SWT) sends them to strike fear into His slaves. If you see any of these things, then hasten to remember Him, call upon Him supplicate and ask for His forgiveness.'

ফুটনোট

সহীহঃ বুখারী ১০৫৯, মুসলিম ৯১২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন